

সিলেট, ২২ ফেব্রুয়ারি ২০২০

নোট বই ও গাইড বই কিনতে শিক্ষার্থীদের বাধ্য করবেন না,  
শিক্ষকদের প্রতি শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি আহবান

শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি এমপি শিক্ষকদের উদ্দেশ্যে বলেছেন নোট বই ও গাইড বই কিনতে শিক্ষার্থীদের বাধ্য করবেন না। অহেতুক শিক্ষার্থীদের বইয়ের বোঝা বৃদ্ধি করবেন না। এটা অনৈতিক কাজ। পাশাপাশি শিক্ষার্থীদের কোচিং করতে বাধ্য না করতেও তিনি শিক্ষকদের প্রতি আহবান জানান। তিনি বলেন শিক্ষকরা জাতি গড়ার কারিগর।

তিনি আজ সকালে সিলেটের ওসমানী নগরে প্রবাসী বালাগঞ্জ ওসমানীনগর এডুকেশন ট্রাস্টের আয়োজনে কৃতি শিক্ষার্থীদের বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

ট্রাস্টের আহবায়ক শ্রী রবীন পালের সভাপতিত্বে এ অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন সিলেট জেলা আওয়ামী লীগের সভাপতি এডভোকেট লুতফুর রহমান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেট-৩ আসনের মাননীয় সংসদ সদস্য, জনাব মাহমুদ উস-সামাদ কায়েস চৌধুরী এমপি, সিলেট-২ আসনের সংসদ সদস্য মোকাম্মির খান এমপিসহ ট্রাস্টের সদস্যবৃন্দ।

মন্ত্রী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন জিপিএ পাঁচ পাওয়ার চেয়ে ভাল মানুষ হওয়া খুবই গুরুত্বপূর্ণ। তোমরা ভাল ছাত্র হওয়ার পাশাপাশি ভাল মানুষ হিসেবে নিজেদের গড়ে তুলবে।

তিনি আরও বলেন প্রতি জেলায় একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করার পরিকল্পনা রয়েছে সরকারের। সরকার শিক্ষিত বেকার তৈরি করতে চায় না তাই কারিগরি শিক্ষায় বিশেষ গুরুত্ব প্রদান করছে। ২০২১ সাল থেকে প্রত্যেকটি স্কুলে কারিগরি শিক্ষা চালু করা হবে। প্রতি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল কলেজ প্রতিষ্ঠা করা হবে। এখন পর্যন্ত ৬৪ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ প্রতিষ্ঠা করা হয়েছে, ১০০ টি নির্মাণাধীন রয়েছে এবং ৩২৯ টি নির্মানের প্রকল্প গ্রহন করা হয়েছে। উল্লেখ্য যে, প্রতি বছর এ ট্রাস্টের মাধ্যমে ৪০ লক্ষ টাকা বৃত্তি প্রদান করা হয়।

মোহাম্মদ আবুল খায়ের  
জনসংযোগ কর্মকর্তা  
শিক্ষা মন্ত্রণালয়  
মোবাইল ০১৭১৬০৬৬৮৮৮